ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
সুনামগঞ্জ।

www.fpo.sunamganj.gov.bd

স্মারক নং- জেপপকা/সুনাম/নিয়োগ-২০/২০২১/ ৩৩৪

তারিখঃ ১২/০৮/২০২১খ্রিষ্টাব্দ
২৮ শ্রাবন ১৪২৮ বঙ্গাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সুনামগঞ্জ জেলার পরিবার পরিকল্পনা বিভাগের আওতাধীন নিম্নবর্নিত রাজস্বখাতভুক্ত শূন্য পদ পূরণের নিমিত্তে পদের পার্শ্বে সংশ্লিষ্ট জেলা/উপজেলা/সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন/ইউনিট/ওয়ার্ডের স্থায়ী নাগরিকদের নিকট হতে শর্ত সাপেক্ষে নির্ধারিত ছকে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে ঃ

ক্রঃনং	পদের নাম ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	যে সকল এলাকার স্থায়ী বাসিন্দার প্রার্থীগণ আবেদন করতে পারবেন				শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য
০১	পরিবার পরিকল্পনা সহকারি গ্রেড-১৫ ৯৭০০-২৩৪৯০/-	০২ (দুই) টি	সুনামগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে				স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাশ। তবে মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যে কোন ১টিতে ২য় বিভাগ/ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে।
০২	পরিবার পরিকল্পনা পরিদর্শক গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/- (শুধুমাত্র পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন)	০৮ (আট) টি	উপজেলার নাম ও পদ সংখ্যা	শূন্য ইউনিয়নের নাম			স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাশ।
			সুনামগঞ্জ সদর-০১(এক)টি	লক্ষণশ্রী (LAKKHANSREE)			
			ছাতক- ০২(দুই)টি	ইসলামপুর (ISLAMPUR)			
				নোয়ারাই (NOARAI)			
			দিরাই -০১(এক)টি	করিমপুর (KARIMPUR)			
			শাল্লা -০২(দুই)টি	আটগাও (ATGAON)			
				হবিবপুর (HABIBPUR)			
			তাহিরপুর-০১(এক)টি	উত্তর বড়দল (UTTAR BARDAL)			
			ধর্মপাশা -০১(এক)টি	দক্ষিণ বংশীকুন্ডা (DAKKHIN BANGSHIKUNDA)			
০৩	পরিবার কল্যাণ সহকারী গ্রেড-১৭, ৯০০০-২১৮০০/- (শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন)	৬২ (বাষট্টি) টি	উপজেলার নাম ও পদ সংখ্যা	ইউনিয়নের নাম	শূন্য ওয়ার্ড / ইউনিট নং	শুধুমাত্র নিম্ন বর্নিত গ্রামের (মহিলা) স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন	স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাশ।
			বিশ্বম্ভরপুর (BISHWAMBHARPUR) ০৪ (চার)টি	পলাশ (PALASH)	২/ঘ, 2 GHA	গাজীরগাও, কৌলারপাড়, আলীপুর, তালেরতল, রনবিদ্যা, রংপুর, ছয়হারা, তেলিকোনা, কুটিপাড়া, পাকিজান	
					৩/ক, 3/KA	জিনারপুর, মাঝেরটেক, রতারগাও, সোনারপাড়া, পুরান মথুরকান্দি	
					৩/গ, 3/GA	ভাদেরটেক, চালবন, জগন্নাথপুর, মিনাজপুর	
				ফতেপুর (FATEHPUR)	২/খ, 2/KHA	রায়পুর, বাহাদুরপুর, কটাখালী, দুলভারচর, শ্যামারকান্দি, জিরাগ তাহিরপুর, খাগটিয়া, ফুলতরি, পিরিজপুর	
			ছাতক (CHHATAK) ০৪ (চার)টি	নোয়ারাই (NOARAI)	৩/ক, 3/KA	রাজারগাও, বড়গল্লা, মানিকপুর, চান্দপুর, রংপুর, কৃদাইর,	
				জাউয়াবাজার (JAUA BAZAR)	৩/খ, 3/KHA	ঝামক, লক্ষণসোম, জাউয়া, বিনন্দপুর, রাজনপুর	
					২/খ, 2/KHA	গনিপুর, সাদারাই, দক্ষিণ হরিপুর, কাইতকোনা, খারাই,	
				দোলারবাজার (DOLARBAZAR)	২/খ, 2/KHA	উত্তর কুরশী, দক্ষিন কুরশী, কুরসী চক	
			দিরাই (DERAI) ০৮ (আট)টি	রফিনগর (RAFINAGAR)	১/ক, 1/KA	খাগাউড়া, আদমপুর, আনোয়ারপুর, কিত্তগাও, স্বজনপুর, রামজীবনপুর,	
				ভাটিপাড়া (BHATIPARA)	২/ক, 2/ KA	ভাটিপাড়া	
					2/L, 2/KHA	মধুরাপুর, কামালপুর,উর্ধনপুর,গণকা	
				রাজানগর (RAJANAGAR)	৩/ক, 3/ KA	জকিনগর, জটিচর, গচিয়া, কেজাউড়া,	
					১/ক, 1/KA	জাহানপুর, মির্জাপুর, অনন্তপুর	
				জগদল (JAGADAL)	২/ক, 2/ KA	সায়ংপাশা, সিংহেনাদ, নুরপুর, কদমতলী, বাসুরী, নারায়নকুড়ি	
					২/খ, 2/KHA	রায়বাঙ্গালী, আটপুড়িয়া, ভুলারগাও, রাজনাও	
				কুলঞ্জ (KULANJ)	৩/খ, 3/KHA	তেতৈয়া, ইসলামপুর, মুস্তফাপুর, সুয়াতিয়র, গলিশাইল, রতনপুর, ধীতপুর	
			দোয়ারাবাজার (DOWARABAZAR) ০৪(চার)টি	নরসিংপুর (NARSHINGPUR)	৩/ক, 3/KA	ফুলকারগাও, জুয়াইরগাও, চাটুরপাড়, বিহঙ্গেরগাও, মুকিরগাঁও, লেদারকান্দী, দোয়ারগাও, চমকিরগাও, বালিউড়া, খালপাড়, কুকুরগাও,সানিয়া, প্রতাবেরগাও, লাস্তবেরগাও	
				মান্নারগাও (MANNARGAON)	৩/ক, 3/KA	বসন্তপুর, রামপুর, পিরিজপুর, আইমাগাও, ইসলামপুর, বালেরামপুর	
				পান্ডারগাও (PANDARGAON)	২/খ, 2/KHA	মহলন্দেরগাও, উষারগাও, কৃষ্ণনগর, রাধানগর, জলসী, নলুয়া	
				দোহালিয়া (DOHALIA)	১/ক, 1/KA	পানাইল, জঙ্গলশ্রী, ইসলামপুর	
			শাল্লা (SHALLA) ০৬(ছয়)টি	আটগাও (ATGAON)	২/ক, 2/KA	দৌলতপুর, দাউদপুর, গুচ্ছগ্রাম, কাশিপুর, বল্লবপুর, চিকাডুপি	
				বাহাড়া (BAHARA)	৩/ক, 3/KA	ভেড়াডহর, প্রতাপপুর,	
				শাল্লা (SHALLA)	১/ক, 1/KA	আদিত্যপুর, বলরামপুর, খেরুয়ালা, কার্তিকপুর, গোয়ালী	
					১/খ, 1/KHA	শ্রীহাইল, ইছাকপুর, ছোটআন্দা, বড়আন্দা, শংকরপুর,সেনপাড়া	
				হবিবপুর (HABIBPUR)	১/ক, 1/KA	আনন্দপুর, কাশিপুর, রামপুর, ভোলানগর	
					৩/ক, 3/KA	টুকচানপুর, মার্কুলী, সাউদেশ্রী, নারকিলা,	
			ধর্মপাশা (DHARMAPASHA) ০৮(আট)টি	পাইকুরহাটি (PAIKURHATI)	৩/ক, 3/KA	বেরীকান্দী, বড়খলা, দাসপাড়া, আলতাবপুর, জিংলীগড়া, লেংগুর, চকিয়াচাপুর,	
				মধ্যনগর (MADHYANAGAR)	৩/খ, 3/KHA	গলহা, বনগাও, কলুমা, করুয়াজান, মাছুয়াকান্দা	
				দক্ষিণ বংশীকুন্ডা (DAKKHIN BANGSHIKUNDA)	১/ক, 1/KA	রংচি, কাকরহাটি, জয়পুর, বাগেরপাড়া, দাতিয়াপাড়া, আমানীপুর,, খিদিরপুর, সাতুর	
					২/খ, 2/KHA	শাপুর, নোয়ানগর, আদর্শগ্রাম, মোহাম্মদআলীপুর, পাতকুড়া, রৌহা, আলমপুর,	
					৩/ক, 3/KA	লোওয়াগাও, নিশ্চিন্তপুর, বংশীকুন্ডা, হাঠপাটুন, নয়াবন্দ, সানুয়া, বাসাউড়া	
				উত্তর বংশীকুন্ডা (UTTAR BANGSHIKUNDA)	৩নং ওয়ার্ড 3 No ward (OLD)	কলাগড়, সাউদপাড়া, বহেরাতলী, গোলাপপুর, মোহনপুর, রংপুর	
				ধর্মপাশা (DHARMAPASHA)	৩/ক, 3/KA	জনিয়ারচর, কান্দাপাড়া, মধুপুর, দেওলা, রাজধরপুর, নোয়াগাও, কুড়পাড়,	
				জয়শ্রী (JAYSREE)	১/ক, ১/KA	চানপুর, মহেষপুর, দুর্গাপুর, মফিজনগর, রাজেন্দ্রপুর	
			জামালগঞ্জ (JAMALGANJ) ০৩(তিন)টি	বেহেলী (BEHELI)	১নং ওয়ার্ড 1 No ward (OLD)	আছানপুর, হরিপুর, মদনাকান্দি(সহদেবপুর), দুর্গাপুর, নোয়াপাড়া(মোহালিয়া), হিজলা, মামুদপুর, হরিনাকান্দি, উমেদপুর	
				ভীমখালী (VIMKHALI)	৩/ক, 3/KA	সন্তোষপুর, ফরিদপুর, হারারকান্দি, দক্ষিণ মল্লিকপুর, উত্তর মল্লিকপুর, হুগলী, কৃষ্টনগর, মাখরকলা, ভাত্তা, রাজাবাজ।	
				ফেনারবাক (FENARBANK)	১/খ, 1/KHA	সৈয়দনগর, শরীফপুর, শান্তিপুর, ভুতিয়ারপুর, ফেনারবাঁক	
			জগন্নাথপুর (JAGANNATHPUR) ০৭(সাত)টি	মীরপুর (MIRPUR)	১/ক, 1/KA	শাসনহবি, রতিয়ারপাড়া, বাউরকাপন, পইলভাগ, বড়কাপন	
				পাটলী (PATLI)	২/ক, 2/KA	আসামপুর, চকাচিমপুর, পাটলী উত্তরপাড়া, পাটলী, ফরিদপুর, মকরমপুর, ফতেহপুর	
				চিলাউড়া হলদিপুর CHILAURAHALDIPUR	১নং ওয়ার্ড 1 No ward (OLD)	দাসনোয়াগাও, হরিনাকান্দি. কবিরপুর, হলদিপুর, রসুলপুর, মাঝপাড়া, পুর্বপাড়া	
					2/K, 2/KA	সমধল, পন্ডিতা, দক্ষিণ চিলাউড়া।	
				রানীগঞ্জ (RANIGANJ)	২/ক, ২/KA	গন্ধর্বপুর, নারিকেলতলা, ইছগাও, কাদিমগাও, অপসাধু।	
				সৈয়দপুর শাহারপাড়া (SYEDPUR SAAHARPARA)	১/ক, 1/KA	হাড়িকোনা, ইশানকোনা, মল্লিকপাড়া, পশ্চিমপাড়া।	
				পাইলগাও (PAILGAON)	২নং ওয়ার্ড 2 No ward (OLD)	খানপুর, পুরাতন আলাগদিয়া, নদীপুর, গংগাধরপুর, আলীপুর, গুতগাও, শ্যামারগাও, দত্তবাখর।	
			তাহিরপুর (TAHIRPUR) ০৮(আট)টি	দক্ষিণ শ্রীপুর (DAKKHIN SREEPUR)	২নং ওয়ার্ড 2 No ward (OLD)	আনন্দনগর, সুলেমানপুর, লতিফপুর, জীবনপুর, পাটাবুকা, মানিকখিলা, বলাইকান্দি, ভবানীপুর, সন্তোষপুর , জাঙ্গাইল, সাহসপুর	
					৩/ক, 3/KA	রাজধরপুর, রামজীবনপুর, কামদেবপুর, পৈন্ডুপ, সাহেবনগর, জালালপুর, মাড়ালা, উজ্জলপুর, গোপীনাথের নোয়াগাও	
				দক্ষিণ বড়দল (DAKKHIN BARADAL)	২নং ওয়ার্ড 2 No ward (OLD)	কাউকান্দি, বড়দল বাগবাড়ী, বড়দল পুরানহাটি, কুকুরকান্দি, পাগলপুর	
					৩ নং ওয়ার্ড 3 No ward (OLD)	বড়দল নতুনহাটি, জামলাবাজ, রসুলপুর, টাকাটুকিয়া, টুকেরগাঁও, গোবিন্দপুর, সংগ্রামপুর	
				উত্তর বড়দল (UTTAR BARADAL)	১নং ওয়ার্ড 1 No ward (OLD)	দিঘলবাগ, ব্রাহ্মনগাও, অলিপুর বাগগাও, রামেশ্বরপুর, আমবাড়ি, বোড়খাড়া, চরগাও	
					২/ক, 2/KA	আমতৈল, রজনীলাইন, উত্তরশান্তিপুর, রাজাই কড়ইগড়া, বড়গোফটিলা, চানপুর	
				বাদাঘাট (BADAGHAT)	২/ক, 2/KA	সোহালা, ইসবপুর, নূরপুর, লামাপাড়া, দিঘীরপাড়, পাঠানপাড়া, জশপ্রতাপ, ঘাগড়া, কুনাটচড়া, কুনাট	
					১/খ, 1/KHA	সোনাপুর, ইসলামপুর, নাগরপুর, ধরুণ, কঙ্কণপুর, গাজীপুর, ইউনুছপুর, পাতারগাও, কলীপুর, নোওয়াগাও	
			সুনামগঞ্জসদর (SUNAMGANJ SADAR) ০৫(পাঁচ)টি	মোহনপুর (MOHANPUR)	১/ক, 1/KA	শান্তিপুর, সর্দারপুর, জয়নগর, বানীপুর, মোহনপুর, রাসনগর, বর্মাত্তর	
					২নং ওয়ার্ড 2 No ward (OLD)	নারাইনপুর, জগজীবনপুর, ব্রাম্মনগাও, কাঠইর, নাড়কিলা, চন্ডিটিয়র, কলাইয়া, ভৈষবেড় , দেওয়াননগর	
				কুরবাননগর (KURBANNAGAR)	৩নং ওয়ার্ড 3 No ward (OLD)	শাহপুর, হাছনপুর, আলমপুর, নতুন আলমপুর, নুরপুর, কান্দাগাও, জালারচর, হাছনবাহার, খাইয়াঘাট, চানপুর	
				রংগারচর (RANGARCHAR)	৩/ক, 3/KA	হরিনাপাটি, আদারবাজার, হরিনাপাটি (ইলাম)	
				মোল্লাপাড়া (MOLLAHPARA)	২নং ওয়ার্ড 2 No ward (OLD)	রামনগর, শ্রীনাথপুর, আমতৈল, উচারগাও, রতনপুর, সরুদাবাজ, বেরীগাও,সাদকপুর, পীরপুর, রহমানপুর, দুর্লভপুর, আকিলপুর, মীরপুর, মুছিপাড়া, ভবানীপুর, জগন্নাথপুর, চনপুর, নাগেরগাও, জালালপুর	
			দক্ষিণ সুনামগঞ্জ (DAKKHIN SUNAMGANJ) ০৫(পাঁচ)টি	পাথারিয়া (PATHARIA)	২/ক, 2/KA	পাথারিয়া, তালুকগাও, পুরান কান্দিগাও, কান্দিগাও	
				দরগাপাশা (DARGA PASHA)	৩নং ওয়ার্ড 3 No ward (OLD)	আমড়িয়া, বুড়মপুর, কাবিলখাই, আসামপুর, পাইকাপন	
				পুর্বপাগলা (PURBA PAGLA)	৩নং ওয়ার্ড 3 No ward (OLD)	দামোদরতলী, মামনপুর, আলমপুর, ভিগারকান্দি, নাজিমপুর, ঘোড়াডুম্বুর	
				পুর্ববীরগাও (PURBA BIRGAON)	২নং ওয়ার্ড 2 No ward (OLD)	ব্রাম্মনগাও, ধরমপুর, সলফ	
					৩নং ওয়ার্ড 3 No ward (OLD)	ধলমৈশা, হাসকুরী, বীরগাও(পশ্চিম)	
০৪	আয়া স্কেল-৮২৫০-০০১০/- গ্রেড-২০ (শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন)	০১ (এক) টি	সুনামগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা				জেএসসি / অষ্টম শ্রেণি পাস বা সমমান

আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে ঃ

(১) পরিবার পরিকল্পনা পরিদর্শক পদের আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে। এজন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র ও স্থায়ী বাসিন্দার সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। অস্থায়ীভাবে বসবাসকারীগণ এই পদে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

(২) পরিবার কল্যাণ সহকারী পদের আবেদনকারীকে অবশ্যই শূন্য পদের বিপরীতে প্রদর্শিত সংশ্লিষ্ট ইউনিয়নের সংশ্লিষ্ট ইউনিট/ওয়ার্ডের আওতাভুক্ত গ্রাম/পাড়া/মহল্লার স্থায়ী বাসিন্দা হতে হবে। এজন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র ও স্থায়ী বাসিন্দার সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। অস্থায়ীভাবে বসবাসকারীগণ এই পদে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

(৩) ২৫/০৩/২০২০(পঁচিশ মার্চ দুই হাজার বিশ) তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(৪) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে আবেদন করতে হবে এবং অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(৫) নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(৬) নিয়োগ বিজ্ঞপ্তির ১ থেকে ২নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ১১২/- (একশত বার) টাকা (পরীক্ষার ফি ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/-টাকা) এবং ৩ থেকে ৪নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা (পরীক্ষার ফি ৫০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ৬/-টাকা) জমা দিতে হবে।

(৭) প্রার্থীর যোগ্যতা যাচাই ঃ প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে অসামঞ্জস্য পাওয়া গেলে, ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোন সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(৮) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে ফলাফল প্রকাশের পর নির্দেশিত সময়ের মধ্যে নিম্নোক্ত সনদ/কাগজপত্রের ফটোকপি গেজেটেড কর্মকর্তা (ন্যূনতম ৯ম গ্রেড) কর্তৃক সত্যায়ন করে ০১(এক) সেট সংশ্লিষ্ট জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে সরাসরি/ডাকযোগে/কুরিয়ারে জমা দিতে হবে;

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ);
(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ পত্র;
(গ) মহিলা কোটা ব্যতিত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র;
(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র কন্যার পুত্র কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সনদ(আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সম্পর্ক অবশ্যই উল্লেখ করতে হবে);
(ঙ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র কন্যার পুত্র- কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র, গেজেট, লাল মুক্তি বার্তা/ভারতীয় তালিকার ছায়ালিপি;
(চ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ গেজেটেড কর্মকর্তা (ন্যূনতম ৯ম গ্রেড) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(ছ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;
(জ) Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy);

(৯) মৌখিক পরীক্ষার সময় অনুচ্ছেদ-৮ এর নির্দেশনামতে জমাকৃত সকল সনদ/কাগজপত্রের মূলকপি আবশ্যিক ভাবে প্রদর্শনের পাশাপাশি ১(এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিলকৃত সনদ/কাগজপত্রের সাথে অনলাইন আবেদনে উল্লেখিত তথ্যের অসামঞ্জস্যতা পাওয়া গেলে প্রার্থীর প্রার্থিতা বাতিল হয়ে যাবে।

(১০) পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ড এবং জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে;

(১১) কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।

(১২) কর্তৃপক্ষ নিয়োগ পক্রিয়ার যে কোন পর্যায়ে যৌক্তিক/আইনগত কারণে নিয়োগ স্থগিত/বাতিল করতে পারবেন।

(১৩) নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৪) লিখিত/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে)/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১৫) ফরম পূরণ, জমাদানের নির্দেশাবলী ও অন্যান্য প্রযোজ্য শর্ত এবং তথ্যাবলীসহ পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ের এবং জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী ঃ

(ক) আগ্রহী প্রার্থীগণ http://dgfpsun.teletalk.com.bd ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ ঃ

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৫/০৮/২০২১, সকাল ১০.০০ টা।
(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৬/০৯/২০২১ বিকাল ৫.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য 300 Pixel X প্রস্থ 300 Pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য 300 Pixel X প্রস্থ 80 Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online-এ পূরণকৃত আবেদনপত্রে প্রদত্ত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পুর্বে প্রদত্ত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমানিত হলে বা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা বিজ্ঞপ্তিতে চাওয়া যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ কোন তথ্য দাখিল করা হলে বা বিজ্ঞপ্তির নির্দেশনা লঙ্ঘনপূর্বক কোন আবেদন পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা নিয়োগের যে কোন পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে ফলাফল প্রকাশের পর নির্দেশিত সময়ের মধ্যে ০১(এক) কপি এবং মৌখিক পরীক্ষার সময় ০১(এক) কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান ঃ

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download পুর্বক সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID দেওয়া থাকবে। উক্ত User ID ব্যবহার করে প্রার্থী যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে নিম্নোক্ত ভাবে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ থেকে ২ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ১১২/-(একশত বার) টাকা (পরীক্ষার ফি ১০০/- টেলিটকের সার্ভিস চার্জ ১২/-টাকা) এবং ৩ থেকে ৪নং ক্রমিকে বর্নিত পদের জন্য মোট ৫৬/-(ছাপ্পান্ন)টাকা (পরীক্ষার ফি ৫০/- এবং টেলিটকের সার্ভিস চার্জঃ ৬/-) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমাদান পক্রিয়া ঃ

প্রথম SMS:DGFPSUN<Space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
উদাহরণঃ DGFPSUN ABCDEF
Reply : Applicant's Name, Tk. 112/56 will be charged as application fee, your PIN is 123456789. To pay fee Type DGFPSUN<Space>YES<Space> PIN and Send to 16222
দ্বিতীয় SMS:DGFPSUN <Space>YES<Space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।
উদাহরণঃ DGFPSUN YES 123456789
Reply : Congratulations Applicant's Name, Payment completed successfully for DGFPSUN Recruitment Application for XXXXXXX, User ID is (ABCDEF) and Password (XXXXXXXX)

বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dgfpsun.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পুর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রাথী কর্তৃক এই প্রবেশপত্রটি নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্ন বর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে DGFPSUN<Space> HELP<Space> USER <Space> User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
উদাহরণঃ DGFPSUN HELP USER ABCDEF
(ii) PIN Number জানা থাকলেঃ DGFPSUN<Space>HELP<Space> PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।
উদাহরণঃ DGFPSUN HELP PIN 123456789

(ঝ) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা যে কোন অপারেটরের ফোন থেকে ০১৫০০১২১১২১ নম্বরে কল করুণ। এছাড়া vas.query @teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।
ই-মেইলের Subject এ DGFPSUN ,XXXXXXXX (পদের নাম), Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

শেষ সময়ের জন্য অপেক্ষা না করে দ্রুত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা হলো

(নিরঞ্জন বন্ধু দাম)
উপ-পরিচালক
ও
সদস্য সচিব
জেলা পরিবার পরিকল্পনা নিয়োগ/বাছাই কমিটি
সুনামগঞ্জ।
ফোন ☎ ০৮৭১-৬১৮১৮
E-mail:ddfpsg@gmail.com

PF-293-786/21 (40x4)